

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর: ৪৭

শেখ হাসিনা ক্ষমতায় থাকলে দেশে স্থিতিশীলতা ও উন্নয়ন থাকে

-সমাজকল্যাণ প্রতিমন্ত্রী

ময়মনসিংহ (২৬ এপ্রিল, ২০২৩ খ্রি.):

সমাজকল্যাণ প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ আশরাফ আলী খান খসরু এমপি বলেন, শেখ হাসিনা ক্ষমতায় থাকলে বাংলাদেশে স্থিতিশীলতা ও উন্নয়ন থাকে। একজন সুশিক্ষিত সূনাগরিক হতে হলে, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করেই নতুন প্রজন্মকে এগিয়ে যেতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দেশের শিক্ষা ব্যবস্থাকে এগিয়ে নিতে যুগান্তকারী সব পদক্ষেপ গ্রহণ করেছেন।

আজ ২৬ এপ্রিল বুধবার দুপুরে ১ কোটি ৪৭ লাখ ৯৯ হাজার টাকা ব্যয়ে নেত্রকোণা সদর উপজেলার মদনপুর শাহ সুলতান উচ্চ বিদ্যালয়ের ৪ তলা একাডেমিক ভবন উদ্বোধন ও বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন।

প্রধান অতিথি উপস্থিত সকলের উদ্দেশ্যে আহ্বান জানিয়ে আরো বলেন 'আপনার পাশের বাড়ির বাচ্চাটি যে স্কুলে যায় না তাকে স্কুলে আনার ব্যবস্থা করুন। সরকার বিনামূল্যে বই দিচ্ছে, উপবৃত্তি দিচ্ছে, ভবিষ্যতে স্কুলে মিড ডে মিল চালু করা হবে।'

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ নাজিম উদ্দিন ফকিরের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মাঝে জেলা পরিষদ চেয়ারম্যান অসিত সরকার সজল, সদর উপজেলা চেয়ারম্যান আতাউর রহমান মানিকসহ স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

#

ফয়সাল/মনির/রিদওয়ান/সজিব/২০২৩/১৫:৪০ ঘণ্টা